গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয়-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪- ৮৯ তারিখ: ০৩/১০/২০২৪ খ্রি.

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: আপদকালীন পরিস্থিতি মোকাবেলা কর্মসূচি হতে অর্থ বরাদ্দ প্রসংগে।

উপযুর্ক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বান্দরবান পার্বত্য জেলায় তামাকের আবাদ কমানোর লক্ষ্যে দরিদ্র কৃষকের মাঝে বিকল্প ফসল আবাদে উৎসাহ প্রদানের লক্ষ্যে ভূট্টা উৎপাদান বাবদ ৭,৪৪০০০/-(সাত লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা ও চিনাবাদাম উৎপাদন বাবদ ১৪,৭৭,৫০০/-(চৌদ্দ লক্ষ সাতাত্তর হাজার) টাকাসহ **সর্বমোট ২২,২১,৫০০/-(বাইশ লক্ষ একুশ হাজার পাঁচশত)** টাকা মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর নিম্নে বর্ণিত শর্ত মোতাবেক বরাদ্দ প্রদানের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

০২। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে ১৫৫০১০১-সচিবালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়-১২০০০১৯১৫-পার্বত্য জেলাসমূহে পুনর্বাসন কর্মসূচি-৩ আবর্তক ব্যয়-৩৭ সামাজিক সুবিধাদি-৩৭২১-নগদ সামাজিক সহায়তা সুবিধাদি-৩৭২১১০১ ত্রাণ কার্য (নগদ) খাতে বরাদ্দকৃত ৮,৪০,০০,০০০/-(আট কোটি চল্লিশ লক্ষ) টাকার মধ্যে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা খাতে বিভাজনকৃত ৮,০০,০০,০০০/-(আট কোটি) টাকা হতে এ ব্যয় বহন করা হবে।

শর্তসমূহ:

১. মঞ্জুরিকৃত অর্থ উত্তোলনের ক্ষমতাপত্র যথাসময়ে মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২. বরাদ্দকৃত অর্থ প্রতি উপজেলায় সমানভাবে বন্টন করতে হবে।
৩. বরাদ্দকৃত অর্থ মাস্টার রোলের মাধ্যমে বিতরণপূর্বক নিরীক্ষার জন্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
৪. বরাদ্দকৃত অর্থ ব্যবহারে আপদকালীন পরিস্থিতি মোকাবেলা শীর্ষক কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের গত ১৫/০৪/২০০২ তারিখের ৪৩২ নং স্মারকের পরিপত্রের শর্তাদি যথাযথভাবে প্রতিপালন করতে হবে।
৫. মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপযুক্ত প্রতিনিধি যে কোন সময় ও মুহূর্তে যে কোন প্রকার পরিদর্শন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে পারবে।

০৩/১০/২০২৪
(মালেকা পারভীন)
উপসচিব
ফোন-০২-৫৫১০০১২৩

স্মারক নং-২৯.০০.০০০০.২২৩.২০.০১২.২৪- ৮৯ তারিখ: ০৩/১০/২০২৪ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সমন্বয়), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মুখ্য নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান।
৪. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা।
৭. সহকারী প্রোগ্রামার, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

০৩/১০/২০২৪
(মালেকা পারভীন)
উপসচিব

০/৫